সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৬৪ তারিখঃ ০৪ চৈত্র , ১৪২৯ বঙ্গাব্দ
১৮ মার্চ , ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিএসইসি এবং বিএএসএম এর যৌথ উদ্যোগে বগুড়া জেলাতে 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩'।**

'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি)' এবং 'বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস(বিএএসএম)' এর যৌথ উদ্যোগে জেলাপর্যায়ে দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বগুড়া জেলাতে আয়োজিত হয়েছে 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩'। অদ্য ১৮ মার্চ, ২০২৩ তারিখ শনিবার সকাল ১০:৩০ ঘটিকায় বগুড়ার নওদাপাড়ায় অবস্থিত মম ইন হোটেল এন্ড রিসোর্টে অনুষ্ঠানটি শুরু হয়। পবিত্র কোরআন, গীতা, ত্রিপিটক এবং বাইবেল পাঠের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়।

কনফারেন্সের প্রথম অধিবেশনে স্বাগত বক্তব্য রাখেন বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ। স্বাগত বক্তব্যে কনফারেন্সে অংশগ্রহণ করার জন্য বগুড়াবাসীকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানান এবং তাদের সৌজন্য ও আন্তরিকতার প্রশংসা করেন। তিনি একটি সার্থক বিনিয়োগ শিক্ষা কনফারেন্স আয়োজনের আশাবাদ ব্যক্ত করেন।

স্বাগত বক্তব্যের পর তিনি 'Investing in the Bangladesh capital market' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন। ১৯৭২ থেকে ২০২২ সাল-এই পঞ্চাশ বছরে ২০০তম অর্থনীতি থেকে ৩৪তম অর্থনীতির দেশে রূপান্তরিত হওয়ার সাফল্যের কথা তুলে ধরেন এবং বাংলাদেশ তলাবিহীন ঝুড়ি থেকে উন্নয়নের মিরাকলে পরিনত হয়েছে বলে মন্তব্য করেন। তিনি গত ৫০ বছরের শিক্ষার হার, দারিদ্র্যের হার, জীবনযাত্রার মান, নারী শ্রমশক্তির ক্ষেত্রে বাংলাদেশের অগ্রগতির কথা উল্লেখ করেন। তিনি বাজার কাঠামো, বাংলাদেশের পুঁজিবাজারের নতুন প্রোডাক্টগুলো, ডিজিটালাইজেশন, পুঁজিবাজারের থেকে অর্থায়নের সুবিধাজনক দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি অন্যান্যের মধ্যে বলেন, "জাতির পিতা সোনার বাংলার স্বপ্ন দেখিয়েছিরেন। তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের উন্নয়ন বাস্তব রূপ পেয়েছে। বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রা আগামীতেও অব্যাহত থাকবে।" তিনি অনলাইনে বিও অ্যাকাউন্ট খোলা এবং নিটা অ্যাকাউন্ট এর মাধ্যমে প্রবাসীদের বিনিয়োগের সুব্যবস্থার কথা তুলে ধরেন। বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়ন ও বিনিয়োগ বৃদ্ধিতে বগুড়াবাসী ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

এরপর 'Tools & Techniques for SMART Investors' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম। তিনি বিনিয়োগের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনার মাধ্যমে কিভাবে স্মার্ট বিনিয়োগ সিদ্ধান্ত নেয়া উচিত সে বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন। তিনি বিশ্বখ্যাত সফল বিনিয়োগকারী

পিটার লিনচ, ওয়ারেন বাফেট এবং বেনজামিন গ্রাহামের উদাহরণ দেখান এবং তাদের নির্দেশনা তুলে ধরে কিভাবে জেনে বুঝে বিনিয়োগ করা উচিত সে সম্পর্কে পরামর্শ দেন। এছাড়াও তিনি বাংলাদেশের পুঁজিবাজারের বাজার পরিস্থিতি, রিটার্ন, ঝুঁকি ইত্যাদি বিষয়ে তথ্যবহুল আলোচনা উপস্থাপন করেন এবং সকলকে বিনিয়োগ শিক্ষায় শিক্ষিত হয়ে বিনিয়োগ করতে উৎসাহ দেন।

প্রথম অধিবেশনের প্রবন্ধ উপস্থাপনার পর বিএসইসি'র নির্বাহী পরিচালক মোঃ সাইফুর রহমানের সঞ্চালনায় একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। প্যানেল আলোচনায় অংশগ্রহণ করেন বিএএসএম এর মহাপরিচালক ড. তৌফিক আহমেদ চৌধুরী, ডিএসই'র পরিচালক জনাব মোঃ শাকিল রিজভী, সিএসই'র পরিচালক জনাব আব্দুল হালিম চৌধুরী, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট জনাব মোঃ ছায়েদুর রহমান এবং ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এর প্রেসিডেন্ট জনাব রিচার্ড ডি রোজারিও। উক্ত প্যানেল আলোচনায় বিনিয়োগ শিক্ষার প্রয়োজনীয়তা, দেশের উন্নয়নের জন্য স্মার্ট অর্থনৈতিক সেক্টরের প্রয়োজনীয়তা, কমোডিটি এক্সচেঞ্জ চালুর উদ্যোগ, পুঁজিবাজারে মার্জিন ঋণ গ্রহণের নানা দিক এবং বাংলাদেশের বাজারে ভালো কোম্পানিগুলো কিভাবে বাজারে আনা যায় ইত্যাদি বিষয়ে আলোকপাত করা হয়। প্যানেল আলোচনার শেষাংশে অংশগ্রহণকারী বিনিয়োগকারীদের প্রশ্নের ভিত্তিতে প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়। প্যানেল আলোচকবৃন্দ বিনিয়োগকারীদের প্রশ্নের উত্তর দেন।

কনফারেন্স অনুষ্ঠানে বিশেষ অতিথি'র বক্তব্য রাখেন বগুড়া চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি জনাব মোঃ মাসুদুর রহমান মিলন। তিনি বিনিয়োগের ক্ষেত্রে বগুড়ায় অনেক সম্ভাবনা রয়েছে বলে জানান এবং বগুড়া জেলাকে এগিয়ে নিতে সকলের সহযোগিতা প্রার্থনা করেন। তিনি বিনিয়োগ শিক্ষা কনফারেন্স এর আয়োজনের জন্য বগুড়ার বিনিয়োগকারী ও ব্যবসায়ীদের পক্ষ হতে সাধুবাদ ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

কনফারেন্স অনুষ্ঠানের সভাপতি বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম অনলাইন জুম প্ল্যাটফর্মের সহায়তায় ভার্চুয়ালি কনফারেন্স অনুষ্ঠানে যোগদান করেন এবং সভাপতির বক্তব্য রাখেন। তিনি সশরীরে বগুড়ার কনফারেন্স উপস্থিত থাকতে না পারার জন্য দুঃখ প্রকাশ করেন এবং কনফারেন্স অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন, "বিশ্বে বিনিয়োগকারী ও ব্যবসায়ীরা বাংলাদেশের ব্যাপারে উৎসাহ নিয়ে এগিয়ে আসছে। বিশ্বে পরিস্থিতির সংকটময় সময়েও আমরা ইতিবাচক প্রবৃদ্ধি ধরে রাখতে পেরেছি এবং অর্থনীতিকে এগিয়ে নিয়ে চলেছি এটিই বড় অর্জন। এই অর্জন ও সফলতার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার টিমকে ধন্যবাদ দেয়া প্রয়োজন। বাংলাদেশের সম্ভাবনা প্রচুর, আর সেই সম্ভাবনাকে কাজে লাগতে প্রয়োজন বিনিয়োগ।" তিনি সম্প্রতি আলোচনার কেন্দ্রে থাকা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স চ্যাট জিপির উদাহরণ দিয়ে বলেন যে , এই আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সও মনে করছে বর্তমান স্থিতিশীলতা বজায় থাকলে ২০২৮ সালেই বাংলাদেশ ট্রিলিয়ন ডলারের অর্থনীতিতে পরিনত হতে পারবে। বাংলাদেশ সরকার পুঁজিবাজারের উন্নয়নে সবসময় সর্বাত্মক সহযোগিতার মানোভাব রাখেন এবং বর্তমান সরকার ব্যবসা বান্ধব সরকার বলে মন্তব্য করেন তিনি। বিএসইসি পুঁজিবাজারের বিনিয়োগকারীদের স্বার্থে ও তাদের সুরাক্ষায় সদা সচেষ্ট আছে বলে তিনি জানান। তিনি নারীদের অর্থনৈতিক ক্ষেত্রে অন্তর্ভুক্তির উপর গুরুত্বারোপ করেন এবং সকলের সামর্থকে কাজে লাগিয়ে বাংলাদেশের উন্নয়নে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩' এর নারী বিনিয়োগকারীদের বিষয়ক বিশেষায়িত দ্বিতীয় অধিবেশন শুরু হয় দুপুর ০৩:০০ ঘটিকায়। দ্বিতীয় অধিবেশনে স্বাগত বক্তব্য রাখেন টিএমএসএস এর প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক অধ্যাপিকা ড. হোসনে-আরা বেগম। তিনি কনফারেন্স আয়োজনের জন্য বিএসইসি, অর্থ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। বিশেষত নারীদের নিয়ে গড়ে ওঠা তার প্রতিষ্ঠান টিএমএসএস সফলতার গল্প তুলে ধরেন তিনি। তিনি নারীদের মুখে হাসি ফোটানোর কথা বলেন এবং তাদের অর্থনৈতিক উন্নয়নের ও রূপান্তরের কথা বলেন। নারীদের উন্নয়ন হলে তার সাথে সাথে দেশ, সমাজ, পরিবার সবার উন্নয়ন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি মহিলাদের সক্ষমতার কথা তুলে ধরেন এবং তারা পুঁজির যথাযথ ব্যবহার নিশ্চিত করেন বলে মন্তব্য করেন।

নারীদের জন্য বিশেষায়িত এই সেশনের মূল প্রবন্ধ উপস্থাপন করেন International Finance Corporation এর Senior Investment Officer Ms. Sadef Gunsur। তিনি ভার্চুয়ালি কনফারেন্স অনুষ্ঠানে যোগদান করেন এবং বিনিয়োগ শিক্ষা বিষয়ে প্রেজেন্টেশন উপস্থাপন করেন। তিনি কেন বিনিয়োগ করা প্রয়োজন, কিভাবে বিনিয়োগ শুরু করা উচিত এবং সঞ্চয়ের সঠিক ব্যবহার করা উচিত তা আলোচনা করেন। এছাড়াও বিনিয়োগের কার্যকর স্ট্রাটেজি, বিনিয়োগের ঝুকি ও রির্টানসহ বিনিয়োগের ক্ষেত্রে বিবেচ্য নানা বিষয় নিয়ে আলোচনা করেন। তিনি বিনিয়োগকারীদের আবেগ নির্ভর হয়ে বিনিয়োগ করা থেকে বিরত থাকার পরামর্শ দেন।

দ্বিতীয় অধিবেশনের প্যানেল আলোচনায় অংশগ্রহণ করেন বিএসইসি'র কমিশনার ড. রুমানা ইসলাম, সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব ফরহাদ আহমেদ, সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব শুভ্র কান্তি চৌধুরী, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট এর নির্বাহী প্রেসিডেন্ট অধ্যাপক ড. মাহমুদা আক্তার, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপসচিব জনাব মোঃ গোলাম মোস্তফা, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক জনাব মোঃ রিয়াদ মতিন এবং এসিসিএ বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর মিজ প্রমা তাপসী খান এফসিসিএ। প্যানেল আলোচনায় নারী ক্ষমতায়ন, মহিলাদের পুঁজিবাজারে সক্রিয় অংশগ্রহণের প্রয়োজনীয়তা, নারীদের জন্য বিশেষায়িত প্রশিক্ষণ ও কর্মশালা, নারী বিনিয়োগকারীরা কিভাবে বিনিয়োগ করতে পারেন এবং নারী-পুরুষ বিভেদ দূরীকরণে বিষয়ে আলোচনা হয়। এসময় আলোচকরা নারী বান্ধব পুঁজিবাজার গড়ে তোলার উপর জোর দেন।

এরপর কনফারেন্সের সমাপনী বক্তব্য রাখেন বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ। তিনি নারীদের জন্য বিশেষ সুযোগ সুবিধার কথা তুলে ধরে তাদের পুঁজিবাজারে বিনিয়োগ করতে উৎসাহ দেন। নারীদের জন্য বিশেষায়িত শিক্ষা কার্যক্রম ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে বলে জানান তিনি। এছাড়াও সম্প্রতি নারীদের জন্য বিও অ্যাকাউন্টের মেইনটেইনেন্স চার্জ পুরুষদের তুলনায় ১০ শতাংশ হ্রাস বা ছাড়ের ব্যবস্থা করা হয়েছে বলে উল্লেখ করেন। তিনি সফলভাবে বগুড়ায় 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩' আয়োজনে সহায়তার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ এবং বগুড়াবাসীদের শুভেচ্ছা জানিয়ে কনফারেন্স অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।


উল্লেখ্য, ‘বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩’ অনুষ্ঠানটি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি)-এর অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ সম্প্রচারিত হয়। এছাড়াও কনফারেন্স অনুষ্ঠানের পাশাপাশি একই স্থানে সকাল ০৯:৩০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত একটি বিনিয়োগ শিক্ষা মেলা অনুষ্ঠিত হয়।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


সচেতন বিনিয়োগ
সমৃদ্ধ আগামী
দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম
বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ও মেলা
স্বাগত বক্তব্য
ড. শেখ শামসুদ্দিন আহমেদ
কমিশনার, বিএসইসি


সমৃদ্ধ আগামী
Strategy 1: The Power of Money
Compounding Growth
Inflation Factor


বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম
বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ও মেলা
প্যানেল আলোচক
সচেতন বিনিয়োগ
সমৃদ্ধ আগামী


সচেতন বিনিয়োগ
সমৃদ্ধ আগামী
দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম
বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ও মেলা


সচেতন বিনিয়োগ
সমৃদ্ধ আগামী
দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম
Zoom Meeting
Recording




বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম
বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ও মেলা
প্যানেল আলোচক:
সচেতন বিনিয়োগ সমৃদ্ধ আগামী
জেনে বুঝে বিনিয়োগ করুন ভবিষ্যৎ সুরক্ষিত রাখুন
সভাপতি:
www.finlitbd.c


বিনিয়োগ সংক্রান্ত আইন-কানুন সম্পর্কে জানুন
প্রধান অতিথি:
জনাব জুনাইদ আহ্মেদ পলক, এমপি
মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম
বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ও মেলা
সচেতন বিনিয়োগ সমৃদ্ধ আগামী
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম
বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ও মেলা
স্বাগত বক্তব্য:
অধ্যাপিকা ড. হোসনে-আরা বেগম
দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম
বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ও মেলা


বিনিয়োগ
সংক্রান্ত
আইন-কানুন
সম্পর্কে
জানুন
সচেতন বিনিয়োগ
সমৃদ্ধ আগামী
মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম
বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ও মেলা
সমাপনী বক্তব্য
ড. শেখ শামসুদ্দিন আহমেদ
কমিশনার, বিএসইসি
শনিবার, ১৮ মার্চ ২০২৩